উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

:-নোটিশ-:

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৫- ৬৬৭ তারিখ: ১৬.০৪.২০২৫ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের এপ্রিল/২০২৫ মাসের মাসিক সাধারণ সভা আগামী ১৭ এপ্রিল ২০২৫ খ্রি: রোজ বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

সভায় আলোচ্য সূচী:

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৫। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৬। হাটবাজার সংক্রান্ত।
০৭। বিবিধ আলোচনা।

১৬/০৪/২৫
(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৫- তারিখ: ১৬.০৪.২০২৫ খ্রি.

বিতরণ কার্যার্থে:

...................................................... (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, নেত্রকোণা।
২। অফিস কপি।

১৬/০৪/২৫
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর এপ্রিল ২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ইমদাদুল হক তালুকদার, প্রশাসক, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
সভার তারিখ : ১৭ এপ্রিল ২০২৫ খ্রি.
সময় : দুপুর ১২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: 'ক- দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: 'খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার ... জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | দপ্তর/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার সভায় সকলকে অবগত করেন যে, বিভিন্ন দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীদেরকে নির্ধারিত সময়ে অফিসে উপস্থিত ও প্রস্থান নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। ১৪৩২ বাংলা সনের কেন্দুয়া উপজেলার ২৮টি বাজারের মধ্যে ১৫টি বাজার ইজারা হয়েছে। অবশিষ্ট ১৩টি বাজার যথা: সেনের বাজার, ভূঁইয়ার বাজার, কৃষ্ণরামপুর বাজার, বীরগঞ্জ বাজার, সাধার বাজার, পাইকুড়া বাজার, সাজিউড়া বাজার, সান্দিকোনা বাজার, মাসকা বাজার, হারুলিয়া বাজার, গড়াডোবা বাজার, বাঁশাটি বাজার ও গন্ডা বাজার ১৪৩২বাংলা সনের জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার মাধ্যমে খাস আদায় করা যেতে পারে। তাছাড়া উপজেলা পরিষদের বিভিন্ন বাসাবাড়ি ঝড়াজীর্ণ হয়ে যাওয়ায় ব্যবহার অনুপযোগী হয়ে পরেছে। বাড়তি ভাড়া দিয়ে স্টাফদের থাকা সম্ভব হয় না। তাই বিভিন্ন স্টাফ কোয়ার্টার ও অফিসার কোয়ার্টারে মাসিক ভাড়া নির্ধারণ করা যেতে পারে। | দপ্তর প্রধানগণ অফিসে নির্ধারিত সময়ে আগমন ও প্রস্থান নিশ্চিত করবেন। নীতিমালা অনুযায়ী ১৪৩২বাংলা উল্লেখিত বাজারে খাস আদায় কাযক্রম চালু থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদের অভ্যন্তরে টিনসেড স্টাফ কোয়ার্টারে প্রতি ইউনিট মাসিক ২,০০০/. বুলবুলি ভবন প্রতি ইউনিট মাসিক ৪,০০০/-, গেটেডেট কোয়ার্টার প্রতি ইউনিট মাসিক ৩,০০০/- ও ডরমেটরি প্রতি রুম ১,০০০/-টাকা ভাড়া নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, হাসপাতালের সামনের রাস্তা ভাঙ্গা থাকায় সাধারণ রোগীদের কষ্ট হতো এটা নজরে আসার পরে প্রশাসক, কেন্দুয়া পৌরসভা রাস্তাটি নতুন ভাবে নির্মাণ করে দেওয়া রোগীদের ভোগান্তি কমেছে। এতে পৌর প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জানান। তাছাড়া হাসপাতালের আশেপাশে পরিস্কার-পরিচ্ছন্ন করা হয়েছে। হাসপাতালে বিনা মূল্যে বিতরণের জন্য ঔষধ সরবরাহ বৃদ্ধি পেয়েছে। স্বাস্থ্য বিভাগের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিভিন্ন কাযক্রমের উন্নতি হওয়ায় স্বাস্থ্য বিভাগকে ধন্যবাদ জানানো হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। |
| ৩. | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ বিভাগের বিভিন্ন কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় কেন্দুয়া উপজেলা একটি ডেইরী হাব (বসুরহাট বাজারে) স্থাপন করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাযক্রম স্বাভাবিক রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, কেন্দুয়া উপজেলায় বর্তমানে সারের কোনো ঘাটতি নেই অত্র উপজেলার বরাদ্দকৃত সার যেন অন্য উপজেলায় পাচার না হয় সে জন্য সকলের সহযোগিতা কামনা করেন। <br> কৃষি প্রণোদনা কাযক্রম: ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। |
| ৫ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। |
| ৬. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি উন্নয়ন প্রকল্পের আওতায় পিআইসি/টেন্ডার কাজের প্রকল্প বাস্তবায়ন কাযক্রম চলমান। পিআইসি/টেন্ডার কাযক্রম দ্রুত প্রাক্কলন অনুযায়ী সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তাছাড়া | ২০২৪-২৫ অর্থ বছরেরে এডিপি ও উপজেলা পষিদ উন্নয়ন তহবিল পিআইসি/টেন্ডার কাজ দ্রুত সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়। |

উপজেলা পরিষদের বিভিন্ন বাসাবাড়ি ঝড়াজীর্ণ হয়ে যাওয়ায় ব্যবহার অনুপযোগী হয়ে পরেছে। বাড়তি ভাড়া দিয়ে স্টাফদের থাকা সম্ভব হয় না। তাই বিভিন্ন স্টাফ কোয়ার্টার ও অফিসার কোয়ার্টারে মাসিক ভাড়া নির্ধারণ করা যেতে পারে।

নিম্নোক্ত রাস্তাগুলো আইডিভূক্ত করার প্রস্তাব দেন।

| আইডি নং | ইউনিয়নের নাম | স্কীমের নাম | প্রস্তাবিত দৈর্ঘ্য (কি: মি: |
|---|---|---|---|
| 37247526 2 | Dolpa | (0306) Ittahota Mour-Amtoli Jame Mosque via Amtoli Eidgha Math road | 1.50 |
| 37247526 3 | Asujia | (0203) Chandopara Topon Member House to Nazrul House road | 0.60 |
| 37247526 4 | Asujia | (0203) Chandopara Old Mosque to Kandapara road | 0.60 |
| 37247526 5 | Maska | (0807) Ramchandrapur Shimultola road-Ramchandrapur Dakkinpara Jame Mosque | 1.25 |
| 37247526 6 | Maska | (0807) Ramchandra Noton Msoque-Nurul Amin House | 0.50 |
| 37247526 7 | Maska | (0902) Kendua-Netrokona RHD-Durgapur Moure-Borkanda road | 1.50 |
| 37247526 8 | Maska | (0802) Kendua-Netrokona RHD-Nowadia Durgapara - Razi Khal road | 1.00 |
| 37247526 9 | Maska | (0707) Balijura Pacca road-Balijura GPS-Razi Khal | 0.95 |
| 37247527 0 | Maska | (0701) Maska Balijura Pacca road-Maska Haspatal Uttarmaska GPS road | 1.00 |
| 37247527 1 | Chirang | (1104)Char Dewapara Bridge-CharpurborayPurbo para road | 0.70 |
| 37247527 2 | Kandiura | (1008)Jalalpur Oto Stand -Jalalpur Pachpara Mosque road | 1.50 |
| 37247527 3 | Kandiura | (1008)Jalalpur Pachimpara GPS Moure-Jalalpur Purbo Para road | 1.00 |
| 37247527 4 | Kandiura | (1004)Bagpara – Jamtola Moure road | 1.50 |
| 37247527 5 | Kandiura | (1005) Jofforpur-Panjikana East side-Jofforpur GPS | 0.25 |
| 37247527 6 | Roailbari | (0203) Rajnagar-Kanibag More-Kismotpara via Hazirgati Mosque | 1.50 |

উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রাস্তাগুলো আইডিভুক্ত করার যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

| | | | |
|---|---|---|---|
| 37247527 7 | Kandiura | (1005) Jofforpur-Panjikana East Side-Jofforpur GPS | 0.25 |
| 37247410 1 | Roilbari | (0712) Horipur Nuton Bazar-Puranbari Dakkinpara Bridge via Betaikhal river side | 2.50 |
| 37247410 2 | Roilbari | (0712) Horipur Nuton Bazar-Keradigi Baburbari via Betaikhal river side. | 2.25 |
| 37247410 3 | Roilbari | (0712) Horipur Nuton Bazar- Shaitpur-Bangabazar road via Changjana | 4.00 |
| 37247410 4 | Kandiura | (1004)Bagpara-Bajgati road | 2.00 |
| 37247410 5 | Chirang | (1005) Chirang Roail Bari road-Vatipara road | 2.00 |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) সাধারণ ১ম ও ২য় পর্যায়ের প্রকল্প বাস্তবায়ন কাযক্রম চলমান। প্রাক্কলন অনুযায়ী যেন কাজ বাস্তবায়ন হয় সেজন্য প্রতিটি ইউনিয়নে আলাদা আলাদা প্রকল্প বাস্তবায়ন তদারকি কমিটি গঠন করা হয়েছে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | প্রশাসক/চেয়া[illegible] সক[illegible] উপজেলা প[illegible] বাস্তবা[illegible] |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ চক্রের ডিডব্লিউবি কর্মসূচীর আওতায় ১৩টি ইউনিয়নের নতুন উপকারভোগী নির্বাচনের আবেদন অনলাইনে আবেদন শুরু হবে। মা ও শিশু সহায়তা ভাতার কাযক্রম চলমান রয়েছে। সংশ্লিষ্ট সকলকে ব্যাপক প্রচারণার জন্য অনুরোধ করেন। যেন প্রকৃত উপকারভোগী নির্বাচন করতে সহজ হয়। | ২০২৪-২৫ চক্রের ডিডব্লিউবি কর্মসূচীর আওতায় ১৩টি ইউনিয়নের নতুন উপকারভোগী নির্বাচনের ব্যাপক প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ[illegible] নির্[illegible] প্রশাসক/চেয়ারম[illegible] সংশ্লিষ্ট [illegible] |
| ০৯. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো: কান্দিউড়া, গড়াডোবা, গড়া, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলার মোট সক্ষম দম্পতি: ৬০৬৮৯। খাবার বড়ি গ্রহণকারী ২৮৯৮৭। ইনজেকটেবলস গ্রহণকারী ৪৫৩৫। কনডম গ্রহণকারী ২০৭৯। আই ইউ ডি গ্রহণকারী ১৫২১। ইম্প্লান্ট গ্রহণকারী ৪০৮৬ স্থায়ী পদ্ধতি পুরুষ ২০৭৯জন ও মহিলা ৪১৬৮জন। মোট পদ্ধতি গ্রহীতা ৬,২৪৭জন দম্পতি। পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প[illegible] পরিকল্পনা ক[illegible] |
| ১০. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। অফিসে জনবলের কিছু সংকট রয়েছে ফলে উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় নিয়মিত মনিটরিং করতে কিছুটা ব্যহত হচ্ছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রশা[illegible] ও উপজেলা [illegible] কর্মক[illegible] |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। আপাতত কোনো সমস্যা নাই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপ[illegible] শিক্ষা [illegible] |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ছাড়াও তিনি বিপুল পরিমাণ খেলাপী ঋণ আদায়ে সকল সম্মানিত জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তার সদয় সহযোগিতা কামনা করেন। | খেলাপী ঋণ আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যু[illegible] কর্মক[illegible] ইউপি [illegible] সক[illegible] |
| ১৩. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে বিধবা, বয়স্ক ভাতার নতুন কোনো কার্ড নেই। ভাতাভোগী ইতোমধ্যে যারা মৃত্যু বরণ করেছে তাদেরকে বাদ দিয়ে প্রতিস্থাপন | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমা[illegible] কর্মক[illegible] ইউপি [illegible] |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা যেতে পারে। বিধবা, বয়স্ক ভাতার তালিকা প্রত্যেক ইউনিয়নে দিয়ে দেওয়া হবে। | | |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তর হতে ২০২৩-২৪ অর্থ বছরে,১,২০,০০,০০০.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিতরণকৃত ঋণ কিস্তিতে আদায় হচ্ছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপ[illegible] [illegible] |
| ১৫. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক(সিনিয়র অফিসার) পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। তবে কিছু ঋণ খেলাপী রয়েছে সেগুলো আদায়ের সকলের সহযোগিতা কামনা করেন। আপাতত কোনো সমস্যা নেই মর্মে জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | শাখা [illegible] পল্লী [illegible] |
| ১৬. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা সমবায় বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মোজাফরপুর আশ্রয়ন প্রকল্পের নতুন ঋণ আদায়ের হার ১০০%।পরবর্তীতে নির্মিত আশ্রয়ন প্রকল্পের এ পযন্ত ০৬টি সমিতি নিবন্ধিত হয়েছে। পুরাতন খেলাপি ঋণ আদায়ের জোর প্রচেষ্টা চলছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | [illegible] |
| ১৭. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, বর্তমানে স্মার্ট বাংলাদেশ মিশনে প্রত্যেকটি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করা খুবই জরুরি। কিন্তু আমাদের উপজেলার অনেক দপ্তর রয়েছে যেখানে ওয়েব পোর্টাল আপডেট করা নেই। তাই দ্রুত সময়ের মধ্যে স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগনকে অনুরোধ করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | খুব দ্রুত সময়ের মধ্যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাত করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | [illegible] সহকারী প্রো[illegible] |
| ১৮. | চেয়ারম্যান নওপাড়া ইউপি | চেয়ারম্যান নওপাড়া ইউপি সভায় জানান যে, অত্র ইউনিয়নের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। টিআর কাবিখা প্রকল্প কাজ সমাপ্ত হয়েছে। | টিআর কাবিখা প্রকল্পের কাজ প্রাক্কলন অনুযায়ী সম্পন্ন হয়েছে কি না তা সরেজমিনে দেখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প [illegible] কর্মক[illegible] চেয়ারম্যান, নওপাড়া [illegible] |
| ১৯. | চেয়ারম্যান গন্ডা ইউপি | চেয়ারম্যান গন্ডা ইউপি সভায় জানান যে, অত্র ইউনিয়নের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ১৪৩১ বাংলা সনের গন্ডা বাজার উন্নয়ন তহবিলের ১৫% ও ১০% টাকার অর্থায়নে গন্ডা বাজারে জনস্বার্থে নিম্নোক্ত প্রকল্প সমূহ পিআইসির মাধ্যমে বাস্তাবায়নের জন্য সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন।<br>০১। গন্ডা বাজারে বালু ভরাট প্রকল্প। প্রকল্প বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা<br>০২। গন্ডা বাজারে ০১টি সাবমারসিবল পাম্প পানির ট্যাংকিসহ স্থাপন ও টয়লেট প্রস্রাবখানা সংস্কার প্রকল্প। প্রকল্প বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা | নীতিমালা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ও অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপ[illegible] পরিষদ, উপ[illegible] নির্বাহী [illegible] উপজেলা প্রকৌশ[illegible] (এলজিইডি), চেয়ারম্যান, [illegible] |
| ২০. | প্রশাসক আশুজিয়া ইউপি | প্রশাসক আশুজিয়া ইউপি সভায় জানান যে, রামপুর বাজারটি ১৪৩২ বাংলা সনের জন্য ইজারা হয়েছে। বাজারে কিছু উন্নয়নমূলক কাজ করা দরকার। ১৪৩১ বাংলা সনের রামপুর বাজার উন্নয়ন তহবিলের ১৫% ও ১০% টাকার অর্থায়নে রামপুর বাজারে জনস্বার্থে নিম্নোক্ত প্রকল্প সমূহ পিআইসির মাধ্যমে বাস্তাবায়নের জন্য সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন।<br>০১.রামপুর গরুর বাজারে সুমনের ঘরের পার্শ্ব হতে মালেকের ঘরের পিছন পযর্ন্ত ড্রেন নির্মাণ প্রকল্প। প্রকল্প বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা<br>০২. রামপুর গরুর বাজারের কাউন্টারের দক্ষিন পার্শ্বে বালু ভরাট প্রকল্প। প্রকল্প বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা<br>০৩. রামপুর গরুর বাজারের শহীদের মোটেলের পিছন হতে হায়দারের বাসায় পিছন পর্যন্ত ড্রেন নির্মাণ প্রকল্প। প্রকল্প বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা<br>০৪. রামপুর গরুর বাজারের পূর্ব ও উত্তর পার্শ্বে বালু ভরাট প্রকল্প। প্রকল্প বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা<br>০৫. রামপুর বাজারের রাস্তার পার্শ্বের সকল ড্রেন ও বাথরুম সমূহ মেরামত প্রকল্প। প্রকল্প বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা | নীতিমালা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ও অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপ[illegible] পরিষদ, উপ[illegible] নির্বাহী অফিস[illegible] উপজেলা [illegible] (এলজিই[illegible] প্রশাসক, আ[illegible] ইউপি |
| ২১. | প্রশাসক গড়াডোবা ইউপি | প্রশাসক গড়াডোবা ইউপি সভায় জানান যে, অত্র ইউনিয়নের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ১৪৩১ বাংলা সনের ভূঞায়ার বাজার উন্নয়ন তহবিলের ১৫% ও ১০% টাকার অর্থায়নে ভূঞায়ার বাজারে জনস্বার্থে নিম্নোক্ত প্রকল্প সমূহ পিআইসির মাধ্যমে বাস্তাবায়নের জন্য সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন।<br>০১. ভুইয়ার বাজার মহসিনের দোকান হতে নুর ইসলামের দোকান পর্যন্ত রাস্তা সংস্কার- ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা<br>০২. ভুইয়ার বাজার সেলিমের দোকান হতে নদীর পাড় পর্যন্ত ড্রেন সংস্কার -২,০০,০০০/ (দুই লক্ষ) টাকা | নীতিমালা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ও অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপ[illegible] পরিষদ, উপ[illegible] নির্বাহী অফি[illegible] উপজেলা প্র[illegible] (এলজিই[illegible]) প্রশাসক, গড়া[illegible] ইউপি |

| বিবিধ -১ | ইউনিয়নের সংরক্ষিত বাজার | প্রত্যেক ইউনিয়ন পরিষদের জন্য ঐ ইউনিয়নের অন্তর্ভূক্ত একটি হাট-বাজার সুনির্দিষ্টভাবে শর্ত সাপেক্ষে সংরক্ষিত রাখার হাট-বাজার নীতিমালাতে উল্লেখ রয়েছে। শর্ত অনুযায়ী ১৪১৪ বাংলা সনে নিম্নোক্ত ইউনিয়নের বাজারগুলো ইজারা মূল্য দেড় লক্ষ টাকার কম থাকায় সেই ইউনিয়নের জন্য সংরক্ষিত বাজার হিসেবে রাখা যেতে পারে। | হাটবাজার সর্বশেষ নীতিমালা (অনুচ্ছেদ-১.৪) অনুযায়ী উল্লেখিত শর্ত পূরণ সাপেক্ষে উক্ত বাজারগুলো সংশ্লিষ্ট ইউনিয়নের জন্য সংরক্ষিত বাজার হিসেবে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক ... পরিষদ, ... নির্বাহী ... কেন্দুয়া, ... |
|---|---|---|---|---|

| ক্রম | ইউনিয়নের নাম | বাজারের নাম |
|---|---|---|
| ০১. | মাস্কা | সেনের বাজার |
| ০২ | দলপা | বেখৈরহাটী বাজার |
| ০৩. | আশুজিয়া | বীরগঞ্জ বাজার |
| ০৪. | গড়াডোবা | বাশাটি বাজার |
| ০৫. | গন্ডা | গন্ডা তোহা বাজার |
| ০৬. | সান্দিকোনা | সান্দিকোনা বাজার |
| ০৭. | বলাইশিমুল | আমলীতলা বাজার |
| ০৮. | নওপাড়া | নওপাড়া বাজার |
| ০৯. | চিরাং | সাজিউড়া বাজার |
| ১০. | রোয়াইলবাড়ী | বজ্রা বাজার |
| ১১. | পাইকুড়া | কাওয়ালীকান্দা বাজার |
| ১২. | মোজাফরপুর | হারুলিয়া বাজার |

| বিবিধ -২ | বিভিন্ন খরচের অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ নিম্নোক্ত খরচগুলো অনুমোদনের প্রস্তাব করেন। ০১. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২৫ উদযাপন উপলক্ষ্যে মৃত বীর মুক্তিযোদ্ধাদের স্ত্রীদের কাপড় ও আনুসাঙ্গিক খরচ বাবদ ৪২,৫০০/- চেক নং-৭৫৭৫৮৭৯ মূলে জনাব মো: শাহীন মিয়া, অফিস সহকারী, ইউএনও.অফিস, কেন্দুয়া, নেত্রকোণাকে প্রদান। সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ৩,৭৫০/- ও ৩,৭৫০/-টাকা প্রদান করা হয়। | ০১ নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের দিবস উদযাপন খাত হতে ব্যয় মেটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, ... পরিষদ, ... নির্বাহী ... |
|---|---|---|---|---|

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৪/...

(ইমদাদুল হক তালুকদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৪৩৪

তারিখ: ১৭ এপ্রিল ২০...

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা।

২৭/০৪/...

(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৪৩৪

তারিখ: ১৭ এপ্রিল ২০...

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। উপজেলা ............................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।
২। প্রশাসক/চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৩। অফিস কপি।

২৭/০৪/২০...

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা